স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

## হ্যানিম্যান হল

মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম
হোমিও প্রতিষ্ঠান

হোমিওপ্যাথিক ও বাইওকেমিক ঔষধ কলিকাতার দরে বিক্রয় হয়। পাইকারী গ্রাহকদের বিশেষ সুযোগ ও সুবিধা দেওয়া হয় আমরা যত্নের সহিত ভি. পি. যোগে মফঃস্বলে ঔষধ সরবরাহ করি।

হোমিও পেটেন্ট **"আইওলিন"**
চক্ষু ওঠায় ফল সুনিশ্চিত।

হ্যানিম্যান হল, খাগড়া, মুর্শিদাবাদ
বিঃ দ্রঃ—কোন ব্রাঞ্চ নাই।

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সম্ভব কম খরচে কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৪৯শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৮শে ফাল্গুন বুধবার ১৩৬৯ ইংরাজী 13th Mar. 1963 | ৪২শ সংখ্যা।



সকল ঘরের তরে...

# দীপ্তি লণ্ঠন

ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রিজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা ১২

C. P. Service

## রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলো, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।




# খাস জনতা

কেরোসিন কুকার

রূপে স্বাচ্ছন্দ্য ও নিপুণতা আনবে।

প্রস্তুতকারক:
দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

KALPANA O. M. 15.83

**জঙ্গিপুর সংবাদ** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২·২৫ নঃ পঃ, নগদ মূল্য ০৬ নঃ পঃ। বিজ্ঞাপনের হার প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

বিনীত—শ্রীবিনয়কুমার পণ্ডিত. পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

## সহরবাসীর অপূর্ব্ব সুযোগ

আমাদের উপর আপনার চাউল তৈয়ারীর ভার দিন। আমরা নিজ তত্ত্বাবধানে ধান সেদ্ধ করাইয়া ভাতের চাল, মুড়ির চাল তৈয়ারী করাইয়া দিই। বিস্তৃত বিবরণের জন্য যোগাযোগ করুন।

সৌরীন্দ্রমোহন চৌধুরী, রঘুনাথগঞ্জ ফাঁসীতলা অথবা মিঞাপুরের "দেবেন্দ্র চাউল ও আটা কলে।"

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

২৮শে ফাল্গুন বুধবার সন ১৩৬৯ সাল।

## উঠ! জাগো!!

—•—

আত্মোন্নতির পথ প্রদর্শনের জন্য যখনই তুমি অন্যের সাহায্যের প্রতীক্ষা করিবে, তখনই বুঝিতে হইবে যে, তুমি স্বাধীন চিন্তা ও স্বাবলম্বনশক্তি হারাইয়াছ; পরমুখাপেক্ষী হওয়ায় ক্লীবত্ব-জনিত মোহ তোমাকে বিমূঢ় করিয়াছে। সেই মোহমুক্ত হইয়া তোমাকে আত্মস্থ হইতে হইবে। তুমি যে ধরিত্রীর উপরে দণ্ডায়মান আছ, সেই ধরিত্রীর প্রতি সত্যানুসন্ধান ও সত্যপথ প্রদর্শনের জন্য সতৃষ্ণ দৃষ্টি স্থাপন কর—তুমি তাহার স্বরূপ অনুভব করিতে সমর্থ হইবে। তোমার স্পষ্ট ধারণা হইবে যে, এ জগতে তোমার আগমনের দিনে এই ধরিত্রীই সাদরে তোমাকে গ্রহণ করিয়াছিল; এই ধরিত্রীই শৈশবকালে তোমাকে মাতার ন্যায় পরিচালিত করিয়া তোমাকে বসিতে, দাঁড়াইতে, চলিতে শিখাইয়াছিল; এই ধরিত্রীই তোমার আশৈশব পালয়িত্রী, পুনরায় অন্তিম সময়ে এই ধরিত্রীই তোমাকে আপন অঙ্কে স্থান দিয়া শায়িত রাখিবে। বল দেখি ব্রাহ্মণ, এই মাটি কি তোমার "মা"-টি নহে।

দেখ, তোমার চতুর্দিকে ধরিত্রী কিরূপ স্নিগ্ধ, শ্যামল, সমতল অঙ্গ বিস্তৃত করিয়া দিগন্ত পর্য্যন্ত প্রসারিত হইয়া কিরূপে তোমার চিত্ত বিনোদন করিতেছে। তোমার লালন-পালনের ভার এই ধরিত্রীই গ্রহণ করিয়াছে। আহার্য্য ও পানীয় দানে সমর্থ এই সরস মৃত্তিকা অতি সহজে কর্ষিত হয়, অল্প পরিশ্রম করিলেই ইহাতে শস্য উৎপাদিত হয়; বিভিন্ন ঋতুতে বিভিন্ন শস্য প্রদান করিয়া শরীর-পোষণ, তোমাকে শারীরিক শক্তিপ্রদান এবং তোমার রসনার পরিতৃপ্তি এই মৃত্তিকাই সম্পাদন করিতেছে। এই মৃত্তিকাই তোমার দেহের পুষ্টি-সাধন করিতেছে, তোমার পরিধেয়ের উপযোগী উপাদান প্রদান করিতেছে, নাতিশীতোষ্ণ ভূতল তোমার দেহের কমনীয়তা রক্ষা করিতেছে, স্নেহ-পদার্থজনক শস্য, ফল ও মূল উৎপন্ন করিয়া তোমার ত্বক্ মসৃণ ও চিক্কণ করিয়া রাখিতেছে। এই সকল পদার্থই প্রাণিজ বসা ও ঘৃতের প্রতিরূপে ব্যবহৃত হইয়া তোমার দেহ সুস্থ, সবল ও কর্ম্মঠ করিয়া দিতেছে। সুতরাং মানব-দেহ রক্ষা ও পরিপোষণের দায়িত্ব প্রত্যক্ষ ও পরোক্ষভাবে গ্রহণ করতঃ এই মৃত্তিকা তোমার মাতৃ-স্বরূপা হইয়া আছে। স্নেহময়ী মাতা যেরূপ সন্তানের চরিত্র গঠন করিতে সাহায্য করেন, এই ধরাতল সেইরূপ মানব-প্রকৃতি-গঠনে সহায়তা করে। তুমি এই পৃথিবীকে পরম আত্মীয়-বোধে কোনদিন শ্রদ্ধার চক্ষে দেখিয়াছ কি?

কোমল প্রকৃতির অনুকূল, স্নিগ্ধ জল-বায়ু-বিশিষ্টা শস্য-শ্যামলা এই ভারতভূমির সন্তান হইয়া তুমি কিরূপে ঊষর প্রস্তরময় শীতাতপপ্রপীড়িত দেশের অধিবাসীর সমকক্ষ হইবে? কি করিয়া তুমি তাহাদিগের মত কষ্টসহিষ্ণু, কঠোর কর্মী, আত্ম-পরায়ণ ও মাংসাশী হইবে? এই কোমল-প্রাণা "মা"-টি দিয়াছে, তোমাকে সরল, সরস, সমবেদনা-পরায়ণ মন, স্বজাতীয় শস্যের একত্রাবস্থিতির অনুরূপ স্বজাতি প্রীতি ও ভ্রাতৃ-ভাব, সমপ্রাণতা ও নির্বৈরতা, বিজাতি ও বিধর্মীর প্রতি সমত্ব-জ্ঞান। এই সকল গুণ তোমার স্বাভাবিক ও সহজাত প্রকৃতির অনুযায়ী; এই সকল গুণের পরিবর্ত্তে বিরোধী পাশ্চাত্ত্য জাতির গুণ অর্জ্জন করিবার চেষ্টা করিলেও তুমি কি করিয়া সফলকাম হইবে? মাতাপিতার দোষগুণের বিদ্যমানতা যেরূপ সন্তান-শরীরে সংক্রামিত হয়, তোমার "মা"-টিরও সেই প্রকার আত্মানুরূপ সহনশীলতা তোমার দেহ ও মনে প্রবিষ্ট হইয়া তোমাকে ধীর, স্থির, সহিষ্ণু করিয়াছে।

আর একটি বিশেষগুণ ধরিত্রী তোমাকে দিয়াছে—যে গুণের অধিকারী হইতে পৃথিবীর অতি অল্প লোকই সমর্থ হইয়াছে। ভারতবর্ষ কৃষি-প্রধান দেশ এবং নৈসর্গিক জল-বায়ুর উপরে শস্যের উৎপাদন ও পরিমাণ নির্ভর করে। সেইজন্য কৃষি-কার্য্যসংশ্লিষ্ট সকল ব্যাপারে প্রাকৃতিক আবহাওয়ার প্রতীক্ষা করিতে হয় বলিয়া ভারতবাসী ঈশ্বরে নির্ভরশীল হইয়াছে। দেশের কল্যাণ ও দেশবাসীর আহার্য্য ভগবানের দানের উপর নির্ভর করায় ভূমি কর্ষণের পূর্ব্বে লাঙ্গলের পূজা ও উৎপন্ন ধান্য গৃহে তুলিবার পরে নবান্নের আনন্দময় উৎসব এ দেশে প্রচলিত ছিল এবং এখনও আছে। অধুনা পরদান-দানপুষ্ট, ক্রীত-দ্রব্য-ভোজনে পরিতৃপ্ত, শ্রমবিমুখ সহরবাসী নবান্নের উৎসবানন্দ বিস্মৃত হইয়াছে। ব্রাহ্মণ, ভারতের এই লুপ্তপ্রায়, নৈমিত্তিক পূজা-পার্ব্বণ তোমাকে পুনঃ প্রবর্ত্তিত করিতে হইবে। সে যুগের পণ্ডিতরা সংস্কৃত ভাষায় বলিয়াছেন—

> অন্নং প্রাণা বলঞ্চান্নং
> অন্নং সর্ব্বার্থসাধকং।
> দেবাসুরা মনুষ্যাশ্চ
> সর্ব্বে চান্নোপজীবিনঃ॥
> অন্নন্তু ধান্য সম্ভূতং
> ধান্যং কৃষ্যা বিনা ন চ।
> তস্মাৎ সর্ব্বং পরিত্যজ্য
> কৃষিং যত্নেন কারয়েৎ॥

অর্থ:—অন্নই প্রাণ, অন্নই বল, অন্নই সর্ব্বার্থসাধক। দেবতা, অসুর এবং মনুষ্য সকলেই অন্ন খাইয়া জীবন ধারণ করেন। অন্ন হয় ধান্য হইতে আবার কৃষিকার্য্য ভিন্ন ধান্য হয় না। অতএব সকল কার্য্য পরিত্যাগ করিয়া যত্নের সহিত কৃষিকার্য্য সকলেরই অবশ্য কর্ত্তব্য।

---

## শুভ বিবাহ

রঘুনাথগঞ্জের ডাক্তার শ্রীগৌরীপতি চট্টোপাধ্যায় মহাশয়ের প্রথমা কন্যা শ্রীমতী চন্দনার সহিত বহুতালী নিবাসী জঙ্গিপুর কোর্টের উকিল শ্রীযতীন্দ্র-মোহন চৌধুরী মহাশয়ের দ্বিতীয় পুত্র শ্রীমান্ সুশীলকুমারের শুভ বিবাহ গত ২৭শে ফাল্গুন মঙ্গলবার সুসম্পন্ন হইয়াছে। বহু ভদ্র মহোদয় ও মহিলা নিমন্ত্রিত হইয়া এই শুভকর্ম্মে যোগদান করেন। ডাক্তার বাবু প্রায় পনর শত জনকে ভূরি ভোজনে আপ্যায়িত করেন। আমরা নব-দম্পতির চির-সুখশান্তি সহ দীর্ঘায়ু ভগবৎ সমীপে কামনা করি।

## নির্দ্দিষ্ট মেয়াদী পাসবই পরিকল্পনা

অল্প অল্প সঞ্চয়ও যাহাতে মোটা টাকায় পরিণত হয়, সেজন্য সরকার এই নূতন পরিকল্পনা প্রবর্ত্তন করিয়াছেন মাসে ৫৲ বা ১০৲ টাকা হইতে ২০০৲ টাকা পর্য্যন্ত জমা দিলে ৫ বছর, ১০ বছর ও ১৫ বছরে কত টাকা পাইবেন, নিম্নে তাহার তালিকা দেখুন।

মাসে মাসে স্থদসহ প্রাপ্য মোট টাকা

| জমা | ৫ বছরে | ১০ বছরে | ১৫ বছরে |
|---|---|---|---|
| ৫ টাকা | ৩২৫৲ | ৭২৫৲ | ১২৫০৲ |
| ১০ " | ৬৫০৲ | ১৪৫০৲ | ২৫০০৲ |
| ২০ " | ১৩০০৲ | ২৯০০৲ | ৫০০০৲ |

এইভাবে মেয়াদ অন্তে স্থদ সমেত আসল টাকা পাওয়া যায়। ইহার আয়কর লাগিবে না।

## স্বামী বিবেকানন্দ জন্মশতবার্ষিকী

গত ৬ই ও ৭ই মার্চ্চ জঙ্গিপুর উচ্চ মাধ্যমিক বহুমুখী বিদ্যালয় প্রাঙ্গণে স্বামী বিবেকানন্দ জন্ম শতবার্ষিকী উপলক্ষে বিরাট জনসভা অনুষ্ঠিত হইয়াছে। সভায় স্বামী সুখদানন্দ, সারগাছি শ্রীরামকৃষ্ণ মিশন, শ্রীমৎ স্বামী ধ্যানাত্মনন্দজী মহারাজ বেলুড় মঠ ও অধ্যাপক শ্রীহরিপদ ভারতী মহাশয় স্বামী বিবেকানন্দের কার্য্যাবলী সম্বন্ধে প্রাঞ্জল ভাষায় বক্তৃতা দিয়া সমবেত জনমণ্ডলীকে মুগ্ধ করেন। সভায় বহু জনসমাগম হইয়াছিল।

## দোল উৎসব

গত ২৫শে ও ২৬শে ফাল্গুন রবিবার ও সোমবার এখানে ( রঘুনাথগঞ্জ জঙ্গিপুরে ) হিন্দু সম্প্রদায়ের দোলপর্ব্ব নির্ব্বিঘ্নে সম্পন্ন হইয়াছে। মহকুমা প্রচার অফিস হইতে রং দেওয়া সম্বন্ধে বিশেষ সতর্কবাণী জনসাধারণকে মাইকযোগে জানানো হয়। পুলিশ কর্ত্তৃপক্ষ সুশৃঙ্খলার জন্য রাস্তায় রাস্তায় পাহারার ব্যবস্থা করেন।

## শিক্ষকের সম্মান লাভ

ভাকুড়িয়া জুনিয়র বেসিক স্কুলের শিক্ষক শ্রীঅশোক রায় মহাশয় ১৯৬১ সালের লোক-গণনা-কার্য্য নিখুঁতভাবে সম্পন্ন করায় ভারতীয় যুক্তরাষ্ট্রের সভাপতি তাঁহাকে Meritorious Service এর স্বীকৃতি স্বরূপ একটি ব্রঞ্জের পদক উপহার দিয়াছেন। তাঁহাকে সুদক্ষতার জন্য কেন্দ্রীয় সরকারও একখানি প্রশংসা-পত্র দিয়াছেন।

## সঙ্গীতে বৃত্তি লাভ

জঙ্গিপুরের সুপরিচিত কীর্ত্তন-গায়ক শ্রীদুঃখভঞ্জন সান্যাল মহাশয়ের জ্যেষ্ঠ পুত্র শ্রীমান্ প্রভাতকুমার সান্যাল এই বৎসর সঙ্গীতের আই, এ পরীক্ষায় বোম্বাই গান্ধর্ব মহাবিদ্যালয় হইতে কৃতিত্বের সহিত উত্তীর্ণ হইয়া এক বৎসরের জন্য মাসিক ২৫৲ টাকা হিসাবে বৃত্তি লাভ করিয়াছেন।

## প্রাথমিক শিক্ষক শিক্ষা শিবির

জঙ্গিপুর মহকুমার নিমতিতা ও জালবান্ধায় বিগত ২৭শে ফেব্রুয়ারী হইতে ১৩ই মার্চ্চ পর্য্যন্ত ১৫ দিবসব্যাপী প্রাথমিক শিক্ষকগণকে বুনিয়াদী শিক্ষা সম্বন্ধে শিক্ষা দেওয়া হইয়াছে। প্রত্যেক শিবিরে ৪০ জন করিয়া শিক্ষক শিক্ষার্থী হিসাবে যোগদান করেন।

২রা মার্চ্চ, ১৯৬৩ নিমতিতা শিবিরের আনুষ্ঠানিকভাবে উদ্বোধন হয়। এই উদ্বোধন উৎসবের সভাপতিত্ব করেন শ্রীঅমলকৃষ্ণ গুপ্ত, জঙ্গিপুর মহকুমা শাসক, উদ্বোধন করেন শ্রীগোপীনাথ অধিকারী, মুর্শিদাবাদ জিলা স্কুল পরিদর্শক ও প্রধান অতিথির আসন অলংকৃত করেন শ্রীরাধানাথ চৌধুরী, সম্পাদক, নিমতিতা হাই স্কুল।

২৭শে ফেব্রুয়ারী, ১৯৬৩ জালবান্ধা শিবিরের সভাপতিত্ব করেন অধ্যাপক শ্রীক্ষিতিরঞ্জন মজুমদার, উদ্বোধন করেন শ্রীবিমল দাশগুপ্ত, অধীক্ষক রাষ্ট্রীয় জনকল্যাণ ভবন, বহরমপুর এবং প্রধান অতিথিরূপে উপস্থিত ছিলেন প্রবীণ কংগ্রেস নেতা শ্রীশ্যামাপদ ভট্টাচার্য্য।

জঙ্গিপুর মহকুমা

## প্রতিরক্ষা সপ্তাহ

—০—

আগামী ১৬ই মার্চ্চ হইতে ২২শে মার্চ্চ পর্য্যন্ত রঘুনাথগঞ্জ ম্যাকেঞ্জি পার্কে প্রতিরক্ষা সপ্তাহ অনুষ্ঠিত হইবে। কর্ম্মসূচী অনুযায়ী বিভিন্ন তারিখে যুব দিবস, কৃষি ও সমবায় দিবস, স্বল্প সঞ্চয় ও গ্রাম-স্বেচ্ছাসেবা দিবস, বিবেকানন্দ দিবস, মহিলা দিবস এবং প্রতিরক্ষা দিবস পালিত হইবে। এই অনুষ্ঠানে সর্ব্বসাধারণের সহযোগিতা ও সহানুভূতি একান্ত বাঞ্ছনীয়।

## মুক্তি লাভ

ধুলিয়ান সীমান্ত হইতে ধৃত এ-এস-আই শ্রীমদন বাগচী এবং রক্ষী শ্রীষষ্ঠী ঘোষ পাকিস্থানের রাজসাহী জেল হইতে মুক্তিলাভ করিয়া মুর্শিদাবাদে ফিরিয়া আসিয়াছেন বলিয়া জানা গিয়াছে।

## বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা সর্ব্বসাধারণের জ্ঞাতার্থে জানান যাইতেছে যে, আগামী ১৯৬৩-৬৪ সালের জন্য মুর্শিদাবাদ জেলার তাড়ির দোকান সমূহ প্রকাশ্য নিলাম ডাকে বন্দোবস্ত দেওয়া হইবে। মুর্শিদাবাদ জেলার অতিরিক্ত জিলা শাসক ( সাধারণ ) মহাশয়ের খাসকামরায় আগামী ২৫।৩।৬৩ তাং বেলা ১২ ঘটিকায় উক্ত নিলাম অনুষ্ঠিত হইবে। নিলাম ডাকে উক্ত দোকান সমূহ বন্দোবস্ত লইতে ইচ্ছুক ব্যক্তিগণ উক্ত দিনে, উক্ত সময়ে, উক্ত স্থানে হাজির হইয়া নিলাম ডাকে যোগদান করিতে পারেন।

বিস্তারিত বিবরণ নিকটস্থ আবগারী অফিসে জানা যাইবে। প্রকাশ থাকে যে, নিম্নস্বাক্ষরকারী সর্ব্বোচ্চ ডাক গ্রহণ করিতে বাধ্য থাকিবেন না।

স্বাঃ এস, কে, ব্যানার্জ্জী

কালেক্টর পক্ষে আবগারী অধ্যক্ষ, মুর্শিদাবাদ।




**বিশ্বস্ততার প্রতীক**

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

# আমলা কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

---

শীতে ব্যবহারোপযোগী

মৃতসঞ্জীবনী সুধা, মহাদ্রাক্ষারিষ্ট চ্যবনপ্রাশ

## ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ
আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)

---

প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং **বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি** ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্ব্বদা সুলভ মুল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

# আর্ট ইউনিয়ন

| সিটি সেলস অফিস | সেলস অফিস ও শোরুম |
|---|---|
| ৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯ | ৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬ |
| টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি: | ফোন: ৫৫-৪৩৬৬ |

---

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ২৲ দুই টাকা ও মাশুলাদি ১·১৯ এক টাকা উনিশ নয়া পয়সা।

সোল এজেন্ট :— **ডাঃ ডি, ডি, হাজরা**
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

---

আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

**ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের**

## চ্যবনপ্রাশ

নিয়মিত সেবনে শ্বাস, কাশ ও হাঁপানি রোগ চিরতরে নিরাময় হয়।

প্রাপ্তিস্থান—

কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

---

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।